

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি

নথীভুক্ত নং- 412

সংরক্ষিত ফাইল নং-

গ্রহণের তারিখ: ২৫/১২/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

২/১১
২০২০

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭

১৫ ডিসেম্বর ২০২০

গ্রহণের তারিখ

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.২৩৬

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে রচনা আহবান।

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত বিভাগওয়ারী রচনা আহবান করা হচ্ছে:

ক্রমিক নং	শ্রেণি	বিভাগ
১	ষষ্ঠ হতে অষ্টম	ক
২	নবম হতে দশম	খ
৩	একাদশ হতে দ্বাদশ	গ

রচনার জন্য প্রতি জেলার প্রতিটি বিভাগ (ক/খ/গ) থেকে একজন করে এবং জাতীয় পর্যায়ে প্রতি বিভাগে ১০ জন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে।

২। অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের (একাধিক হতে পারে) সাদা কাগজে মহান বিজয় দিবস-২০২০-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে অনধিক ১০০০ (এক হাজার) শব্দের একটি রচনা নিজ হাতে লিখবে।

শিক্ষার্থীরা রচনার নিচে বিভাগের নাম (ক/খ/গ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখ করবে। অভ্যন্তরীণ রচনাটি আগামী ২৩/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান লেখার নিচে সিলসহ প্রতিস্বাক্ষর প্রদানপূর্বক আগামী ২৪/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে ই-মেইলে/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করবেন।



১৫-১২-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৭/১২/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে একাদশ হতে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে আগ্রহী শিক্ষার্থীরা "বঙ্গবন্ধু ও আমাদের বিজয়" শিরোনামে সংযুক্ত পত্রে বর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক নিজ হাতে লিখিত রচনা কলেজ অফিসে আগামী ২৩/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে জমাদানের জন্য নির্দেশ দেয়া হলো।

বিতরণঃ

- ১। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ২। সংরক্ষণ নথি।


অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
২৩/১২/২০২০